

প্রেস বিজ্ঞপ্তি

বিএআরসিতে তুরস্কের কৃষি গবেষণা উন্নয়ন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের উদ্যোগে ২৫/১/২০২২ তারিখে কাউন্সিলের সভাকক্ষ-১ এ “তুরস্কের কৃষি গবেষণা উন্নয়ন” শীর্ষক (Turkish Agricultural Research Advancement) একটি সেমিনার অনুষ্ঠিত হয়। বাংলাদেশে সফররত চার সদস্যের কৃষি প্রযুক্তিবিদের সমন্বয়ে গঠিত তুরস্কের প্রতিনিধি দল সেমিনারে অংশগ্রহণ করেন এবং তুরস্কের কৃষি জীবপ্রযুক্তির অগ্রগতি বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন।



বিএআরসি'র নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এর সঞ্চালনায় অনুষ্ঠিত সেমিনারে বাংলাদেশ গম ও ভুট্টো গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক এবং তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালকসহ বিএআরসি এবং জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠানসমূহের গবেষক/কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

প্রবন্ধ উপস্থাপনের পর উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার তুরস্কের প্রবন্ধ উপস্থাপকদের ধন্যবাদ জানিয়ে উল্লেখ করেন যে তুরস্ক গম, সুগারবিট, তুলা, দুগ্ধ, পোল্ট্রি, টমেটোসহ বিভিন্ন সবজি ও ফলের প্রধান উৎপাদন ও রফতানিকারক দেশ। তুরস্কের কৃষিতে জীবপ্রযুক্তি ব্যবহারে অগ্রগতির প্রশংসা করে তিনি বাংলাদেশের কৃষি গবেষকদের সমন্বয়ে গঠিত একটি প্রতিনিধি দলের তুরস্ক সফরের মাধ্যমে অভিজ্ঞতা বিনিময়ের উপর গুরুত্বারোপ করেন।

অংশগ্রহণকারীগণ গম, ধান, ডাল, তৈলবীজ শস্য ইত্যাদি ক্ষেত্রে জীবপ্রযুক্তি ও স্পিড ব্রিডিং (Speed breeding) বিষয়ে বিভিন্ন প্রশ্ন করেন এবং তুরস্কের সাথে কৃষি গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক স্বাক্ষর বা যৌথ গবেষণা প্রকল্প প্রণয়নের প্রস্তাব করেন।

সেমিনারে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং তুলা উন্নয়ন বোর্ড থেকে ৬৫ জন বিজ্ঞানী/ কর্মকর্তা অংশগ্রহণ করেন।

স্বাক্ষরিত/

মো: মুস্তাফিজুর রহমান

টেকনিক্যাল অফিসার

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফোন: ২২২২৪২৬৫৭

মোবাইল: ০১৭১৭১৭১৯৮৬